গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবা র কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা

বিষয়ঃ বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	জনাব মোঃ সিরাজুল ইসলাম অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
সভার তারিখ	ঃ	০৯-০১-২০১৯খ্রি.
সভার সময়	ঃ	সকাল ১০.০০ টা
সভার স্থান		মন্ত্রণালয়ের সভাকক্ষ।
সভার উপস্থিতি	ঃ	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর আলোচ্যসূচি উপস্থাপনের জন্য যুগ্মসচিব (বাজেট) ড. মোঃ এনামুল হককে অনুরোধ করেন। যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, ০৯-১২-২০১৮ তারিখে অর্থ বিভাগের ০৭.১০১.০২০.০০.০০.০১০.২০১৮-৬১০ নম্বর স্মারকের মাধ্যমে বাজেট পরিপত্র-১ জারি করা হয়েছে। জারিকৃত পরিপত্রে মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের মধ্যমেয়াদী বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণ এবং মন্ত্রণালয়/বিভাগ ও অধিনস্থ অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষমাত্রা নির্ধারণের নির্দেশনা প্রদান করা হয়েছে। মধ্যমেয়াদী বাজেট কাঠামো অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের প্রক্ষেপণ প্রদান করা হয়েছে। স্বাস্থ্য সেবা বিভাগের প্রাথমিক ব্যয়সীমার বিভাজন ও প্রক্ষেপণ প্রস্তুত এবং দপ্তর/সংস্থার ব্যয়সীমা প্রস্তুতের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি ২০১৯-২০ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের প্রক্ষেপণ সভায় উপস্থাপন করেন।

২। **বাজেট কাঠামোর প্রথম ভাগ পরীক্ষা ও প্রস্তুত:** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। স্বাস্থ্য সেবা বিভাগের ভিশন, মিশন, কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার খাত/কর্মসূচি প্রভৃতি বিষয় বিবেচনা করে প্রথম ভাগের এ অংশসমূহ পূরণ করে নির্ধারিত সময়ের মধ্যে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। বাজেট কাঠামোর প্রথম ভাগ প্রণয়নে তিনি পরিকল্পনা অনুবিভাগের দৃষ্টি আকর্ষণ করেন। পরিপত্রের নির্দেশনা অনুযায়ী বাজেট কাঠামোর অংশ ৬.১ থেকে ৬.৫ পর্যন্ত সচিবালয় এবং সংশ্লিষ্ট দফতর/সংস্থা কর্তৃক যথাযথভাবে পূরণ করে সংযোজনী-৬ এ বিবৃত সময়ের মধ্যে বাজেট অধিশাখায় প্রেরণ করতে হবে। বাজেট কাঠামোর এই অংশটি পূরণ করে আগামী ৭ কার্য দিবসের মধ্যে দাখিলের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

৩। **রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা ও প্রক্ষেপণ নির্ধারণঃ** যুগ্মসচিব (বাজেট) সভাকে জানান যে, অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত বাজেট পরিপত্র-১ অনুসরণ করে এ বিভাগের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার খসড়া বিভাজন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত খসড়া বিভাজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপস্থাপিত খসড়া বিভাজন পরীক্ষা-নিরীক্ষা করে রাজস্ব প্রাপ্তির সম্ভাব্য চুড়ান্ত প্রাক্কলন নিম্নরুপ অনুমোদন করা হয়।

রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রাঃ **(অংকসমুহ কোটি টাকায়)**

ক্রঃনং	প্রতিষ্ঠানের নাম	প্রস্তাবিত বাজেট ২০১৯-২০	প্রক্ষেপণ ২০২০-২১	প্রক্ষেপণ ২০২১-২২
১	সচিবালয়	১০.৭১	১১.৯৮	১৩.৪২
২	ইডিসিএল	৫.৩৫	৫.৯৯	৬.৭১
৩	স্বাস্থ্য অধিদপ্তর	২৬৫.৩৬	২৯৭.২১	৩৩২.৮৭
৪	ঔষধ প্রশাসন অধিদপ্তর	২৭.২৬	৩০.৫৩	৩৪.২০
৫	নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর	২.৩০	২.৫৭	২.৮৮
৬	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	১০.৬৮	১১.৯৭	১৩.৪০
মোট		**৩২১.৬৬**	**৩৬০.২৫**	**৪০৩.৪৭**

৪। **প্রাথমিক ব্যয়সীমার বিভাজন অনুমোদনঃ** ২০১৯-২০ অর্থ বছরের জন্য মোট ১৯৮৪৯.৯৪ কোটি টাকার ব্যয় সীমা নির্ধারণ পূর্বক পরিচালন বাজেটের জন্য ১০১৬৩.৮৩ কোটি টাকা এবং উন্নয়ন বাজেটের জন্য ৯৬৮৬.১১ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। এছাড়া পরবর্তী ২ বছরের জন্যও প্রক্ষেপণ প্রদান করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনায় নিম্নের ছকে বর্ণিত ২০১৯-২০ অর্থ বছরের প্রাক্কলন এবং ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের প্রক্ষেপণ বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদনের নিমিত্ত পেশ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

প্রাথমিক ব্যয়সীমা

(অংকসমুহ কোটি টাকায়)

ক্রমঃ	**প্রস্তাবিত বাজেট**	**প্রক্ষেপণ**	
বাজেট	**২০১৯-২০**	**২০২০-২১**	**২০২১-২২**
পরিচালন	১০১৬৩.৮৩	১১১৭৭.৪৯	১২২৯৩.১৪
উন্নয়ন	৯৬৮৬.১১	১০৬৫৪.৭৫	১১৭২০.২৩
মোট	**১৯৮৪৯.৯৪**	**২১৮৩২.২৪**	**২৪০১৩.৩৭**

৫। **স্বাস্থ্য সেবা বিভাগের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ (২০১৯-২০):**

২০১৯-২০ অর্থ বছরের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের সম্ভাব্য বৈদেশিক সহায়তা নিম্নরূপ।

(অংকসমূহ কোটি টাকায়)

বিভাগ কোড	মন্ত্রণালয়/বিভাগের নাম	প্রকল্প সাহায্য
১২৭	স্বাস্থ্য সেবা বিভাগ	২৫০০.০০

৬। যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, আগামী ২০১৯-২০ অর্থ বছরের বাজেট এন্ট্রি নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে। এ জন্য সকল সংস্থাকে নির্ধারিত তারিখের মধ্যে বাজেট এন্ট্রির কার্যক্রম সম্পন্ন করার জন্য তিনি অনুরোধ করেন।

৭। সিদ্ধান্তঃ বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের জন্য নিম্নেবর্ণিত সুপারিশসমূহ গৃহীত হয়ঃ

(ক) স্বাস্থ্য সেবা বিভাগের ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির সম্ভাব্য লক্ষ্যমাত্রা অনুমোদন।

(খ) স্বাস্থ্য সেবা বিভাগের ২০১৯-২০ অর্থ বছরের প্রাক্কলন, ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের প্রক্ষেপণ অনুমোদন।

(গ) বাজেটের বর্ণনামূলক অংশ বা এমবিএফ আগামী ৭ দিনের মধ্যে হালনাগাদ করে বাজেট অনুবিভাগকে অবহিত করতে হবে। এমবিএফ অংশ পূরণের সময় অবশ্যই গত ৩ বছরের অর্জনের উল্লেখযোগ্য বিষয় উল্লেখ করতে হবে।

৮। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৪.০২.২০১৯

(মোঃ সিরাজুল ইসলাম)
অতিরিক্ত সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

নং- ৪৫.০০.০০০০.১৩৯.২০.০১৯.২০১৮- ৬৯০ তারিখঃ ১৭-০২-২০১৯ খ্রীঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

(ড. মোঃ এনামুল হক)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪৫৯২৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৩। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬। চীফ টেকনিক্যাল ম্যানেজার, ন্যাশনাল ইলেক্ট্রো মেডিক্যাল ইকুইপমেন্ট মেইনটেনান্স ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি)।
৭। ম্যানেজার, যানবাহন ও যন্ত্রপাতি সংরক্ষণ সংস্থা (টেমো), মহাখালী, ঢাকা।
৮। সিনিয়র সহকারী প্রধান, স্বাস্থ্য উইং, আর্থসামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৯। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।